

# কালের বর্ধ

## স্কুলে মিড-ডে মিলে অনিয়মে প্রতিমন্ত্রীর হুঁশিয়ারি

অনলাইন ডেস্ক

২৪ মে, ২০২৬ ১৩:৩৩



স্কুল ফিডিং কার্যক্রমে শিশুদের জন্য নির্ধারিত পুষ্টিকর খাদ্যের মান ও সরবরাহে কোনো ধরনের গাফিলতি কিংবা অনিয়ম বরদাশত করা হবে না বলে কঠোর হুঁশিয়ারি দিয়েছেন প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ।

আজ রবিবার (২৪ মে) রাজধানীতে স্কুল ফিডিং কর্মসূচির সরবরাহকারী প্রতিষ্ঠান, প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা এবং মাঠপর্যায়ের দায়িত্বপ্রাপ্তদের সঙ্গে আয়োজিত এক মতবিনিময় সভায় তিনি এ কথা বলেন।

প্রধান অতিথির বক্তব্যে প্রতিমন্ত্রী বলেন, 'এটি কোনো সাধারণ সভা নয়। শিশুদের পুষ্টি, স্বাস্থ্য ও ভবিষ্যৎ সুরক্ষার সঙ্গে জড়িত অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি কর্মসূচি। ব্যবসার নামে শিশুদের খাদ্যের মানের সঙ্গে আপস করার কোনো সুযোগ নেই। যারা সঠিকভাবে দায়িত্ব পালন করতে পারবেন না, তারা ভবিষ্যতে এই কার্যক্রমে থাকতে পারবেন না।'

তিনি আরো জানান, বর্তমানে দেশের ১৫১টি উপজেলায় প্রায় সাড়ে পাঁচ হাজার কোটি টাকার এই বিশাল প্রকল্প পরিচালিত হচ্ছে। এত বড় কর্মসূচিতে জনগণের প্রত্যাশা পূরণ না হলে তা সবার জন্যই বিব্রতকর হবে।

সরবরাহ চেইন সুশৃঙ্খল করতে সভায় প্রতিমন্ত্রী কয়েকটি কড়া নির্দেশনা দেন। সেগুলো হচ্ছে— খাদ্য কোথা থেকে আসছে, কিভাবে প্রক্রিয়াজাত হচ্ছে এবং কার মাধ্যমে বিদ্যালয়ে পৌঁছাচ্ছে—তার পূর্ণাঙ্গ তথ্য সরকারের কাছে থাকা, খাদ্যের গুণগত মান ঠিক রাখতে বিশেষজ্ঞ নিয়োগ বাধ্যতামূলক, স্থানীয়ভাবে খাদ্য সংগ্রহ ও সরবরাহ নিশ্চিত করা, প্রতিদিন নির্ধারিত দিনে নির্দিষ্ট সময়ে বিদ্যালয়ে খাদ্য পৌঁছে দেওয়া এবং মাঠপর্যায়ে কঠোরভাবে ফুড কোয়ালিটি যাচাই করা।

ববি হাজ্জাজ উল্লেখ করেন, এটি বর্তমানে একটি পাইলট (পরীক্ষামূলক) কর্মসূচি হিসেবে চলছে। এখনকার সমস্যাগুলো চিহ্নিত ও সমাধান করে আগামীতে সারা দেশে আরো বড় পরিসরে এই কার্যকর কর্মসূচি বাস্তবায়ন করা হবে।

সভায় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব মো. সাখাওয়াৎ হোসেন, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক শাহীনা ফেরদৌসীসহ প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা ও ঠিকাদাররা উপস্থিত ছিলেন।